

## কার্যকর সুশীল সমাজ সংগঠন উন্নয়ন সংক্রান্ত ইন্টান্ডুল নীতিমালা

### Istanbul CSO Development Effectiveness Principles

বিশ্বজুড়ে বিভিন্ন দেশের গণতান্ত্রিক জীবনে সুশীল সমাজ সংগঠনসমূহ শক্তিশালী এবং গুরুত্বপূর্ণ উপাদান রাখে। সুশীল সমাজ সংগঠনসমূহ মানুষের পূর্ণ বৈচিত্র্য তুলে ধরে এবং তাদের অধিকার রক্ষায় কাজ করে। সুশীল সমাজ সংগঠনসমূহের একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো স্বতন্ত্র উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে ভূমিকা রাখা। এই সংগঠনগুলো স্বেচ্ছাসেবী, বৈচিত্র্যপূর্ণ, দলনিরপেক্ষ, স্বায়ত্তশাসিত, অহিংস এবং তারা পরিবর্তনের জন্য কাজ করে। তাদের এই বৈশিষ্ট্যগুলোই কার্যকর উন্নয়ন সংক্রান্ত সুশীল সমাজ সংগঠনের ইন্টান্ডুল নীতিমালার মূল ভিত্তি। এই নীতিমালাগুলো শক্তিপূর্ণ এবং দ্বন্দ্বপূর্ণ উভয় পরিবেশে, তৃণমূলের বিভিন্ন কর্মসূচির পাশাপাশি নীতি অধিগ্রামশমূলক কার্যক্রম, জরুরি মানবিক সহায়তা থেকে শুরু করে দীর্ঘমেয়াদী উন্নয়নের ক্ষেত্রে সুশীল সমাজ সংগঠনকে কাজ করার পথ নির্দেশনা দেয়।

১. মানবাধিকার এবং সামাজিক ন্যায়বিচারকে সম্মান করুন এবং এই বিষয়ে প্রচারণা চালান  
উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা এমন উন্নয়ন কৌশল, কার্যক্রম এবং প্রচারণা কৌশল উদ্ভাবন এবং বাস্তবায়ন করে, যা উন্নয়নের অধিকার, মর্যাদা, ইতিবাচক কম্পিউটার বিশেষ স্বতন্ত্র স্বার্থ স্বার্থ জন্য সমতাসহ ব্যক্তিগত এবং সামষ্টিক মানবাধিকারের বিষয় তুলে ধরে।
২. নারী ও মেয়েদের অধিকার রক্ষার ক্ষেত্রে জেন্ডার সমতা এবং সাম্য নিশ্চিত করুন  
উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে সুশীল সমাজ তখনই কার্যকর যখন- উন্নয়ন সহযোগিতা বিষয়ক প্রচারণা বা বাস্তবায়নের ক্ষেত্রে জেন্ডার সমতা বিবেচনা করে, নারীর উদ্বেগ এবং নারীর ব্যক্তিগত এবং সামষ্টিক অধিকার বাস্তবায়নের ক্ষেত্রে নারীর অভিজ্ঞতার প্রতিফলন ঘটায় এবং উন্নয়ন প্রক্রিয়ায় নারীকে সম্পূর্ণ ক্ষমতায়িত অনুষ্ঠটক হিসেবে নারীর অংশগ্রহণ নিশ্চিত করে।
৩. মানুষের ক্ষমতায়ন, গণতান্ত্রিক মালিকানা এবং অংশগ্রহণের উপর আলোকপাতা করুন  
উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- সুশীল সমাজ সংগঠন জীবনকে প্রভাবিত করে এমন নীতি এবং উন্নয়ন উদ্যোগে সাধারণ মানুষের গণতান্ত্রিক মালিকানা প্রতিষ্ঠায় মানুষের ক্ষমতায়ন এবং অংশগ্রহণকে সমর্থন করে। এক্ষেত্রে গরিব এবং প্রাস্তিক মানুষের উপর বিশেষ আলোকপাতা করতে হবে।
৪. টেকসই পরিবেশ সম্পর্কে প্রচারণা চালান  
উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা জলবায় সংকটের প্রতি জরুরি সাড়া দিয়ে, জীব-প্রতিবেশগত সংহতি এবং ন্যায় বিচারের জন্য প্রয়োজনীয় আর্থ-সামাজিক, সংস্কৃতিক পরিহিতর প্রতি বিশেষ নজর দিয়ে বর্তমান এবং ভবিষ্যতে প্রজন্মের জন্য টেকসই পরিবেশ নিশ্চিত করার অগ্রাধিকার এবং কৌশল বাস্তবায়ন করে।
৫. স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করুন  
উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা তাদের অভ্যন্তরীণ ব্যবস্থাপনায় স্বচ্ছতা, বহুমুর্খ জবাবদিহিতা এবং সংহতি নিশ্চিত করার সুসংহত প্রতিশুতির প্রতিফলন দেখাতে পারে।
৬. ন্যায়সংপ্রদত অংশীদারিত্ব এবং সংহতির জন্য চেষ্টা করুন  
উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা অপরাপর সুশীল সমাজ সংগঠন এবং অন্যান্য উন্নয়ন অনুষ্ঠটকের সঙ্গে স্বচ্ছ সম্পর্ক বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ হয়। এই সম্পর্কের ভিত্তি হবে মুক্তভাবে সমান, একই উন্নয়ন লক্ষ্য এবং মান, পারম্পরাগত শ্রদ্ধা, বিশ্বাস, সাংগঠনিক স্বায়ত্ত্বাসন, দীর্ঘ মেয়াদী সম্পর্ক, সংহতি এবং বৈশ্বিক নাগরিকত্ব।
৭. জ্ঞান তৈরি এবং বিনিয়ন করুন, পারম্পরাগত শিক্ষার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ হউন  
উন্নয়ন উপকরণ হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন- তারা তাদের অভিজ্ঞতা থেকে, অন্য সুশীল সমাজ সংগঠন একই অন্যান্য উন্নয়ন অনুষ্ঠটকের কাছ থেকে শিক্ষা নেওয়ার উপায়, স্থানীয় ও আদিবাসী সম্প্রদায়ের জ্ঞান ও প্রজ্ঞ উন্নয়ন অনুশীলন এবং ফলাফল সম্প্রসারিত করে যে ভবিষ্যত তারা দেখতে চায় তার জন্য প্রয়োজনীয় উদ্ভাবন এবং লক্ষ্যকে শক্তিশালী করতে পারে।
৮. ইতিবাচক টেকসই পরিবর্তনের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকুন  
উন্নয়ন অনুষ্ঠটক হিসেবে সুশীল সমাজ সংগঠন তখনই কার্যকর যখন তারা তাদের উন্নয়ন কার্যক্রমের টেকসই ফলাফল এবং প্রভাব অজ্ঞ করতে পারবে। এসব ফলাফল এবং প্রভাবের মূল আলোকপাতা হবে বিশেষ করে গরিব এবং প্রাস্তিক মানুষের জীবন বদলের জন্য ফলাফল এবং অবস্থা নিশ্চিত করা, যা অব্যহত রাখতে হবে বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের জন্য।

এই নীতিমালা দ্বারা পরিচালিত হয়ে সুশীল সমাজ সংগঠনসমূহ তাদের উন্নয়ন কার্যক্রমে পূর্ণ জবাবদিহিতা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিচ্ছে। সকল উপকরণ দ্বারা একই ধরনের উপযোগী পরিবেশ সমানভাবে গুরুত্বপূর্ণ। এই নীতিমালার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কার্যক্রম দ্বারা দাতা সংস্থা এবং বিভিন্ন দেশের সরকার আকরা এজেন্ডার প্রতি সমর্থন জানালেন এবং সুশীল সমাজ সংগঠন উন্নয়নের ক্ষেত্রে তাদের পূর্ণ অবদান যেন রাখতে পারে তা নিশ্চিত করার প্রতি তারা তাদের সমর্থন জানালেন। সকল সরকারই সংগঠন করার অধিকার, সমাবেশ করার অধিকার এবং মত প্রকাশের অধিকারসহ মানবাধিকার তুলে ধরার জন্য বাধ্য। এগুলো কার্যকর উন্নয়নের পূর্বশর্ত।

---

সেপ্টেম্বর ২৯, ২০১০ এ গৃহীত Istanbul CSO Development Effectiveness Principles এর বাংলা ভাবানুবাদ। মূল ইংরেজি এবং বাংলার মধ্যে অর্থগত কোনও সমস্যা দিলে মূল ইংরেজিকেই প্রাধান্য দিতে হবে।